



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৫৭/ ২২৭২/৫

তারিখঃ ২৭.০৫.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সুপার মাও: মো: আবু তালেবকে প্রশাসনিক কাজের দায়িত্ব বুঝিয়ে দেওয়া প্রসঙ্গে।

১) সূত্র: নং-বামাশিবো/প্রশা/যশোরি-১৫৭/২১৮১/৩; তারিখ: ১৬/০৮/২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার মাও: মো: আবু তালেব তার বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক স্বপদে পুনর্বহালের জন্য আবেদন করেন। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মোকাদ্দমা এর রায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-৩৭.০০০০.০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখ: ০৬/০৮/২০১৭ খ্রি. স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন ও অন্যান্য কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রের ১ নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্র অনুযায়ী সাময়িক বরখাস্তকৃত সুপার মাও: মো: আবু তালেব স্বপদে পুনর্বহাল হন। কিন্তু অদ্যবধি তাকে প্রশাসনিক দায়িত্ব বুঝিয়ে না দেওয়ায় গত ২০/০২/২০১৯ খ্রি. তারিখে অত্র বোর্ডে পুনরায় আবেদন দাখিল করেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্টের রায় ও শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত সুপার মাও: মো: আবু তালেবকে প্রশাসনিক কাজে দায়িত্ব বুঝিয়ে দেওয়া পূর্বক পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

১) সভাপতি,
বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, কেশবপুর, যশোর
২) সুপার (ভারপ্রাপ্ত)
বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, কেশবপুর, যশোর

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৫৭/ ২২৭২/৫

তারিখঃ ২৭.০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা নির্বাহী অফিসার কেশবপুর, যশোর।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪

২২/৫/১৯